




প্রয়োজনীয় "অনলাইন"  
কেনাবেচার বা লেনদেনের  
সাইটগুলো সম্পর্কে  
সাধারণ তথ্য



চমক  
একটা বিষয় খেয়াল  
করলাম তুমি ইদানীং  
একদম শপিংয়ে যাও না।  
আবার নতুন নতুন  
জামা কাপড়ও পড়ো।

হ্যাঁ ভাবী শুধু জামা না বলতে পারো  
সবই। আর ঘরে বসে যদি সব পাই  
তাহলে বাইরে যাবো কেন?

ও বুঝেছি  
অনলাইনে শপিং করো।  
কিন্তু কোনো  
ঝামেলা হয় না?

কেন ঝামেলা হবে? আমি তো  
প্রয়োজনীয় অনলাইন  
কেনা-বেচার সাইটগুলো সম্পর্কে  
সাধারণ তথ্য জেনে নিয়েছি।

বাহ তাহলে  
আমাকে একটু  
বলো না।

শোনো ভাবী দারাজ অনলাইন শপিং হল  
বাংলাদেশের অন্যতম ই-কমার্স প্রতিষ্ঠান।

তাঁদের পরিষেবার মধ্যে অন্যতম হলো  
dMart যা একটি সম্পূর্ণ অনলাইন মুদি  
দোকানের অভিজ্ঞতা প্রদান করে।

dMart থেকে কেনাকাটার মাধ্যমে তুমি  
দেশের সেরা মূল্যছাড়, বান্ডেল ডিল,  
ক্রেডিট কার্ড ডিসকাউন্ট, ভাউচার  
এবং প্রচারমূলক অফার পেতে পারো।

তারপর (Pickaboo.com)-  
ই-কমার্সভিত্তিক এই প্রতিষ্ঠানটি  
ক্রেতাদেরকে প্রকৃত ও বৈধ স্মার্টফোন,  
মোবাইল ডিভাইস, কম্পিউটার,  
ইলেকট্রনিক্স, পারফিউম এবং ঘড়ি সহ  
সর্বোচ্চ মানের পণ্য সরবরাহ করে থাকে।

ডিজিটাল ডিভাইসের জন্য  
বাংলাদেশে এখন অনেকেই  
বাজারে গিয়ে কেনাকাটা করার  
প্রয়োজন বোধ করে না।

EMI পেমেন্ট, বিকাশ, ডেলিভারিতে  
সোয়াইপ, ক্যাশ-অন-ডেলিভারি,  
ভিসা কার্ড, মাস্টার কার্ড ইত্যাদি  
ব্যবহার করে এই মাধ্যমটির সাথে  
লেনদেন করা সম্ভব।

খুবই ভালো  
তারপর?

তারপর আছে Chaldal.com এই ই-কমার্স প্রতিষ্ঠানটি  
ইতিমধ্যেই মুদি-পণ্য সরবরাহকারী শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে  
দেশের মানুষের মনে জায়গা করে নিয়েছে।

অনলাইন প্রতিষ্ঠানটি ফল, শাকসবজি, শস্য,  
মাছ এবং মাংসের দ্রব্য ছাড়াও ক্রেতাদের জন্য  
গৃহস্থালি সামগ্রী, সৌন্দর্য ও স্বাস্থ্য-সম্পর্কিত পণ্য,  
ইত্যাদি বিক্রয় করে থাকে।

তারপর Foodpanda - বাংলাদেশের অনলাইনভিত্তিক  
পরিষেবার একটি দুর্দান্ত সংযোজন।

প্রতিষ্ঠানটির অন্যতম পরিষেবা হলো PandaMart যার  
সাহায্যে সমস্ত মৌলিক মুদির চাহিদা পূরণ হতে পারে।

তবে প্রতিষ্ঠানটি রেস্টুরেন্ট থেকে রান্না করা খাবার  
সরবরাহ করার কাজের জন্য বেশি খ্যাতি অর্জন করেছে।

HungryNaki বাংলাদেশের প্রথম অনলাইন খাদ্য  
সরবরাহ পরিষেবা যা বর্তমানে ৫০০০ রেস্টুরাঁর  
সাথে সংযুক্ত এবং ৪ লক্ষের অধিক পণ্য সমন্বিত  
একটি প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

এছাড়াও (HungryNaki Dokan) হাংরিনাকি দোকান  
সমস্ত প্রয়োজনীয় মুদি পণ্য সরবরাহ করে থাকে।

তোমার প্রয়োজনীয় প্রসাধন সামগ্রী, রান্নার কাজে  
প্রয়োজনীয় সামগ্রী, অথবা দুগ্ধজাত পণ্য, ইত্যাদি  
হাংরিনাকি দোকান থেকে সংগ্রহ করতে পারো।

সত্যি বাংলাদেশ  
অনেক এগিয়ে গিয়েছে।  
কত সহজেই সব  
হয়ে যাচ্ছে।

ঠিক বলেছো ভাবী।

তোমাকে  
অনেক ধন্যবাদ।